



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ/ ২৩৯/১৩-৫৫

তারিখঃ ২৪ মার্চ ২০১৯

বরাবর

প্রধান প্রতিবেদক/বার্তা সম্পাদক

বিষয়: 'বঙ্গবন্ধু ও জাতীয় শিশু দিবস' শীর্ষক মতবিনিময় সভা কাভারের অনুরোধ

জনাব,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ- এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নেবেন।

আগামী ২৫ মার্চ ২০১৯ তারিখ বিকাল ০৩:৩০টায় কমিশনের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু ও জাতীয় শিশু দিবস' শীর্ষক একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে। সভায় শিশুদের প্রতি বঙ্গবন্ধুর জীবন দর্শন এবং শিশু অধিকার নিয়ে আলোচনা করা হবে।

উক্ত সভায় সেলিনা হোসেন, চেয়ারপার্সন, বাংলাদেশ শিশু একাডেমি এবং অধ্যাপক মমতাজ বেগম, চেয়ারপার্সন, জাতীয় মহিলা সংস্থা গেস্ট অব অনার হিসাবে উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।

মতবিনিময় সভাটি কাভারের জন্য প্রতিবেদক ও আলোকচিত্রী অ্যাসাইনমেন্ট দিতে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোনঃ ০১৭৯০৫৩৬৯৩৬